

Ex/BANGLA/PG/4.1/78/2019(OLD)

ম্বাতকোন্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা (পুরাতন পাঠক্রম)

বাংলা উপন্যাস ও ছোটগল্প (পর্ব-২)

কোর্স: পি.জি. - ৪.১

সময়: দু ঘণ্টা

পূর্ণমান: ৩০

প্রতি বর্গ থেকে একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের উত্তর লেখো।

বর্গ: ক

১ক. প্রথম প্রতিশ্রুতি উপন্যাসে ন্যায়নিষ্ঠ, যুক্তিনিষ্ঠ, আচারনিষ্ঠ রামকালী
শেষপর্যন্ত এক গভীর আধ্যাত্মিকতায় পৌছতে চেয়েছেন। চরিত্রটির এই
স্ববিরোধিতাকে তুমি কীভাবে ব্যাখ্যা করবে জানাও। ১০

অথবা

১খ. প্রথম প্রতিশ্রুতি কি শুধুই সত্যবতীর গল্প নাকি একটি বিশেষ সময়ের
আখ্যান? উপন্যাস অবলম্বনে এ বিষয়ে তোমার মত আলোচনা
করো। ১০

২ক. ‘হাজার চুরাশির মা’ উপন্যাসের অন্যতম প্রাপ্তি এক সন্তানহারা মায়ের
চোখ দিয়ে দেখা সত্ত্বের আত্মবিধবংসী কয়েকটি বছর – মন্তব্যটি ব্যাখ্যা
করো। ১০

অথবা

২খ. ব্রতীর মৃত্যুর সামনে দাঁড়িয়ে সুজাতার যে যাত্রা আরম্ভ হয় তার পরতে
পরতে জড়িয়ে থাকে এক অনপেনয় ব্যর্থতার বোধ। এর কারণ ঠিক কী
বলে তোমার মনে হয়, আলোচনা করে বুবিয়ে দাও। ১০

(Turn over)

(2)

বর্গ : খ

৩ক. অতি সাধারণ ঘটনার মধ্যে দিয়ে চরিত্রের অন্তর্নিহিত অসামান্যতা নির্দেশে
গল্পকার নরেন্দ্রনাথ মিত্র সিদ্ধহস্ত পাঠ্য গল্প অবলম্বনে বিষয়টি আলোচনা
করো।

১০

অথবা

৩খ. ‘ভাঙ্গা চশমা’ গল্পে প্রতিফলিত নারায়ণ গঙ্গোপাধ্যায়ের সমাজ চেতনার
স্বরূপ বিশ্লেষণ করো।

১০

৪ক. কথক ও তাঁর পাশের ঘরের নতুন ভাড়াটেদের নিয়ে লেখা গল্পের নাম
হঠাতে ‘মঙ্গলপ্রহ’ দেওয়া হল কেন বলে তোমার মনে হয় যুক্তিসহ
আলোচনা করো।

অথবা

৪খ. ‘গগনের অসুখ’ গল্পের নির্মাণের নয়নের বিয়েতে তোলা পারিবারিক
গ্রুপ ফোটো, নতুন সার দেওয়া বাগান, আসন্ন শীত, ফুরিয়ে আসা বিকেল
প্রভৃতি প্রসঙ্গগুলি কীভাবে তাৎপর্যপূর্ণ হয়ে উঠেছে লেখো।

অথবা

৪গ. কলকাতা ও কলকাতার রাস্তা কীভাবে ‘অশ্বমেধের ঘোড়া’ গল্পের একটি
চরিত্র হয়ে উঠেছে আলোচনা করো।

— X —